সংবাদ

তারিখ 31 JUL 2012
পৃষ্ঠা ১২

# এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীর বেতন রাজস্ব খাতে স্থানান্তরের দাবি জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্টের

নিজস্ব বার্তা পরিবেশক

এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীর বেতন রাজস্ব খাতে স্থানান্তর, জনবল কাঠামো সংশোধন এবং শিক্ষানীতি দ্রুত বাস্তবায়নে শিক্ষাবিদ ও বিশেষজ্ঞদের ক্ষমতা প্রদানের দাবি জানিয়েছেন জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্টের নেতারা। তারা স্বাধীনতাযুদ্ধে শিক্ষক হত্যাকারীদের বিচার দ্রুত শেষ করারও দাবি জানিয়েছেন। এসব দাবি বাস্তবায়নে ঈদের পর কর্মবিরতি, অনশন সাত বিভাগে মহাসমাবেশ এবং আগামী ৩০ সেপ্টেম্বরের মধ্যে ঢাকায় জাতীয় মহাসমাবেশ করবে সংগঠনটি।

গত রোববার সংগঠনের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এতে আরও বলা হয়েছে, শিক্ষা জাতীয়করণের লক্ষ্যে অন্তর্বর্তী ব্যবস্থা হিসেবে বেসরকারি স্কুল, কলেজ ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ৮ দফা, এমপিও'র জন্য অপেক্ষমাণ যোগ্য শিক্ষক-কর্মচারীদের এমপিও প্রদান, কর্মচারীদের চাকরিবিধি প্রণয়ন করতে হবে। দাবি বাস্তবায়নে অপ্রতিরোধ্য আন্দোলনের হুমকি দিয়ে বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সরকার এসব দাবি মানলে প্রশংসিত হবে, না মানলে শিক্ষক সমাজ ও শিক্ষা পরিবারের সমর্থন পাবে না।